



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



নং- ঢাশিবো/বি/৪৮৩/নতুন/ঢাকা/

তারিখ :

বিষয় : মাধ্যমিক পর্যায়ে (৬ষ্ঠ থেকে ১০ম) বাংলা মাধ্যমের পাশাপাশি ইংরেজি মাধ্যম (ইংলিশ ভার্সন) এ পাঠদানের অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র : (ক) অধ্যক্ষের ১১/০১/২০২৩ ইং তারিখের আবেদন।

(খ) পরিদর্শন কর্মকর্তার ০১/০৪/২০২৩ তারিখের প্রতিবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে প্রতিষ্ঠানটিতে দীর্ঘদিন থেকে বাংলা মাধ্যমে পাঠদান কার্যক্রম চলমান রয়েছে। পরিদর্শন প্রতিবেদনে দেখা যায় বর্তমানে ইংরেজি ভাষানে শিক্ষার্থীরা অধ্যয়ন করছে। ফলে ০১/০১/২০২৩ ইং তারিখ থেকে ইংরেজি ভাষানে শিক্ষার্থীদের অধ্যয়নের অনুমতি দেয়া হলো।

### শর্তসমূহ

- এই অনুমতিকে কোনক্রমেই বিদ্যালয়ের স্বীকৃতি হিসাবে গণ্য করা যাবে না;
- নীতিমালা অনুযায়ী সঠিক পরিমাণে জমি থাকতে হবে এবং উক্ত জমিতে ভবন নির্মান করে শিক্ষা কার্যক্রম পরিচালনা করতে হবে। কোন অবস্থায় ভাড়াকৃত বাড়িতে শিক্ষা কার্যক্রম পরিচালনা করা যাবে না;
- বিদ্যালয় প্রতিষ্ঠা ও পরিচালনার সাথে সরকারের কোনো আর্থিক সংশ্লেষ থাকবে না;
- বোর্ড কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত বিভিন্ন ফি-এর অতিরিক্ত আদায় করলে এ আদেশ বাতিল হয়ে যাবে;
- আগামী ৬ (ছয়) মাসের মধ্যে বোর্ডের পরামর্শক্রমে নিজস্ব ওয়েবসাইট ও কনটেন্ট ডেভেলপ করে বোর্ডকে অবহিত করতে হবে;
- সরকারি নীতিমালা অনুযায়ী (নিবন্ধনকৃত) শিক্ষক নিয়োগ করতে হবে এবং প্যাটার্ন বহির্ভূত কোন শিক্ষক নিয়োগ করা যাবে না;
- বিদ্যালয়ের শিক্ষারমান উন্নীত করার জন্য শিক্ষকগণকে পাঠভিত্তিক পাঠপত্রিকল্পনা গ্রহণ করে শ্রেণিকক্ষে পাঠদান করতে হবে;
- বিদ্যালয়ের লেখাপড়ার পাশাপাশি সহ-পাঠক্রমিক কার্যক্রম (বার্ষিক ক্রীড়ানুষ্ঠান, সাহিত্য ও সাংস্কৃতিক বিষয়ক অনুষ্ঠান, গাইডিং ইত্যাদি) পরিচালনা করতে হবে;
- বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রচলিত নীতিমালার অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে;
- কোন শর্ত প্রতিপালনে ব্যর্থ হলে সরকার যেকোন সময় এ অনুমোদন বাতিল করতে পারে।
- শিক্ষার্থীদের গ্রন্থগারের ব্যবহার সহ প্রয়োজনীয় (ইংলিশ ভাষানে) বই ও মুক্তিযুদ্ধ ও বাংলাদেশ সম্পর্কিত বই সংরক্ষন করতে হবে।
- ইংলিশ ভাষানে পাঠদানের জন্য প্রয়োজনীয় যোগ্যতা সম্পন্ন শিক্ষক নিয়োগ করতে হবে। নিয়োগকৃত শিক্ষক-কর্মচারী তথা জনবলের বেতন-ভাতাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে।
- প্রতিষ্ঠানের সংরক্ষিত তহবিলের টাকা বোর্ডেও অনুমতি ব্যতিত উত্তোলন করা যাবে না।
- বিদ্যালয়ের কর্মরত শিক্ষকদের পর্যায়ক্রমে প্রশিক্ষণে পাঠাতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বাক্ষর

প্রফেসর মোহাম্মদ আবুল মনসুর ভূঞা  
বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড  
ঢাকা।


প্রাপক : অধ্যক্ষ  
মাইলস্টোন কলেজ  
সেক্টর ১১, উত্তরা মডেল টাউন  
উত্তরা, ঢাকা।

মেমো নং- ৬৬৪ (ন)

তারিখ : ১৬/০৫/২০২৩

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- মহাপরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত, ঢাকা।
- পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা মন্ত্রণালয়, শিক্ষা ভবন, ঢাকা।
- জেলা প্রশাসক, ঢাকা।
- উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।
- সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- জেলা শিক্ষা অফিসার, ঢাকা।
- অফিস কপি।

  
বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড  
ঢাকা

  
১৬/৫/২০২৩